দৈনিক খবর

তারিখ 06 MAY 1993
পৃষ্ঠা ৮ কলাম ৮

### শিক্ষামন্ত্রীর আশ্বাস

# সরকারী কলেজের অধ্যাপক–প্রভাষকদের কর্মসূচী স্থগিত

বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতি আগামী ২১শে মে হতে তাদের আহূত কর্মবিরতির কর্মসূচী আগামী ৭ই জুন পর্যন্ত স্থগিত ঘোষণা করেছেন। গতকাল বুধবার শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সাথে সমিতিদ্বয়ের নেতৃবৃন্দের এক বৈঠকে এ মর্মে সিদ্ধান্ত নেয়া হয়। অধ্যাপক কামাল আতাউর রহমান বৈঠকে দু'সমিতিকে নেতৃত্ব দেন।

বৈঠকে ৫৬টি কলেজে নতুন পদ সৃষ্টি, দ্রুত প্রভাষক নিয়োগ, নির্ধারিত কোটা রহিত করে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের শূন্য পদ পূরণ, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের রিট্রোসপেকটিভ ইফেক্ট প্রদান, শিক্ষকদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড প্রদান, ঢাকায় শিক্ষকদের জন্যে রেস্ট হাউস ও ওয়েটিং রুম নির্মাণ, ওয়ারেন্ট অব প্রেসিডেন্সে শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং প্রদর্শকদের পদোন্নতির শর্ত শিথিল করাসহ সমিতিদ্বয়ের ১২ দফা দাবী নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

শিক্ষামন্ত্রী শিক্ষক নেতৃবৃন্দের বিভিন্ন দাবী–দাওয়া ধৈর্যসহ শোনেন এবং ১৯টি কলেজের শিক্ষকদের বেতন বৈষম্য দূর, ৫৬টি কলেজে নতুন পদ সৃষ্টি, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ভূতাপেক্ষিক জ্যেষ্ঠতা প্রদান, ২০% কোটা রহিত করে পদোন্নতি দান এবং অশিক্ষক কর্মচারীদের পদোন্নতির ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খোদেজা আজম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালক প্রফেসর ইউনুস মিয়া, অধ্যাপক , সমিতির সহ–সভাপতি অধ্যাপক হাতেম আলী ও অধ্যাপক আব্দুল মজিদ, সাধারণ সম্পাদক মমতাজ বেগম ও অন্য নেতৃবৃন্দ এবং প্রভাষক সমিতির নেতৃবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন।–তথ্যবিবরণী।